



## জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর-১৭০৪

### স্নাতকোত্তর (প্রফেশনাল) ভর্তি নির্দেশিকা ২০১৫

(সংশ্লিষ্ট কোর্সসমূহের জন্য চলমান শিক্ষাবর্ষ প্রযোজ্য হবে)

#### স্নাতকোত্তর (প্রফেশনাল) কোর্সসমূহ

- ▶ ব্যাচেলর অব এডুকেশন [বি এড]
- ▶ ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন [বি পি এড]
- ▶ ব্যাচেলর অব মাদ্রাসা এডুকেশন [বি এম এড]
- ▶ ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন [বি এস এড]
- ▶ মাস্টার অব স্পেশাল এডুকেশন [এম এস এড]
- ▶ মাস্টার অব এডুকেশন [এম এড]
- ▶ ব্যাচেলর অব ল'স [এল এল বি] শেষ বর্ষ

#### ভর্তি বিষয়ক ওয়েবসাইট

[www.nu.edu.bd/admissions](http://www.nu.edu.bd/admissions) অথবা [www.admissions.nu.edu.bd](http://www.admissions.nu.edu.bd)

#### সাধারণ নির্দেশনা

- ▶ ১৩/১২/২০১৫ তারিখ থেকে ২৯/১২/২০১৫ তারিখের মধ্যে শিক্ষার্থীকে নির্দিষ্ট [website](http://www.nu.edu.bd/admissions) ([www.nu.edu.bd/admissions](http://www.nu.edu.bd/admissions) অথবা [admissions.nu.edu.bd](http://admissions.nu.edu.bd)) এ ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে সংশ্লিষ্ট কলেজে ০২/০১/২০১৬ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।
- ▶ ভর্তি কার্যক্রমের বিস্তারিত সময়সূচি ও ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট [website](http://www.nu.edu.bd/admissions) [www.nu.edu.bd/admissions](http://www.nu.edu.bd/admissions) অথবা [admissions.nu.edu.bd](http://admissions.nu.edu.bd) এর মাধ্যমে জানা যাবে। SMS ([nu<space>atpm<space>roll no](tel:16222) টাইপ করে 16222 নাম্বারে send করতে হবে) এর মাধ্যমে শুধুমাত্র ভর্তির ফলাফল জানা যাবে।
- ▶ প্রাথমিক আবেদন ফরমে শিক্ষার্থীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/ ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ▶ একই শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ▶ এই ভর্তি নির্দেশিকার যে কোন ধারা/নিয়মাবলীর সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১। স্নাতকোত্তর (প্রফেশনাল) কোর্সে আবেদনের যোগ্যতা

| ক্রমিক<br>নং | ভর্তিচ্ছু বিষয়সমূহ ও বিষয়<br>কোড                | শিক্ষাবর্ষ | মেয়াদকাল | ভর্তির ন্যূনতম যোগ্যতা  |
|--------------|---|------------|-----------|---|
| ক)           | <b>Bachelor of Education (BEEd), Professional</b> | ২০১৫-২০১৬  | ১ বছর     | জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে তিন বছর মেয়াদী স্নাতক (পাস) ও চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>তবে বিএড ও বিপিএড কোর্সে আবেদনের ক্ষেত্রে চাকুরীরত শিক্ষকদের জন্য এ শর্ত শিথিলযোগ্য। এ সকল আবেদনকারী চাকুরীরত প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্রসহ সরাসরি ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর আবেদন করতে হবে। |
| খ)           | <b>Bachelor of Physical Education (BPEd)</b>      |            |           |   |
| গ)           | <b>Bachelor of Madrasa Education (BMEd)</b>       |            |           |   |
| ঘ)           | <b>Bachelor of Special Education (BSEd)</b>       |            |           |   |
| ঙ)           | <b>Master of Special Education (MSEd)</b>         | ২০১৫-২০১৬  | ১ বছর     | জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে BSEd /BEEd পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।   |
| চ)           | <b>Master of Education (MEd), Professional</b>    | ২০১৫-২০১৬  | ১ বছর     | জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে BEEd পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।   |
| ছ)           | <b>Bachelor of Laws (LLB), Final</b>              | ২০১৪-২০১৫  | ১ বছর     | জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে এল এল বি ১ম বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।   |

২। Online এ ভর্তি পরীক্ষার আবেদন ফরম পূরণ ও করণীয়

| ফরম পূরণের<br>ধাপসমূহ                             | করণীয়  |
|---|---|
| লগইন<br>(Login)                                   | আবেদনকারীকে নির্দিষ্ট ( <a href="http://www.nu.edu.bd/admissions">www.nu.edu.bd/admissions</a> অথবা <a href="http://admissions.nu.edu.bd">admissions.nu.edu.bd</a> ) website Master's Tab-এ গিয়ে Apply Now (Masters Prof.)/Blank Data Entry (Masters Prof.) অপশনে ক্লিক করতে হবে এবং website-এ প্রদর্শিত তথ্য ছকে সংশ্লিষ্ট স্নাতক (সম্মান)/স্নাতক (পাস)/বিবিএ (সম্মান)/বিকম (সম্মান)/এলএলবি পার্ট-১/বি এড (সম্মান)/বি এস এড পরীক্ষার রোল নম্বর, বিশ্ববিদ্যালয়ের নাম, পাসের সন, পাঠিত বিষয়, ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। |
| কলেজ পছন্দ  | আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাওয়ারী যে কোন কলেজের নাম <b>Select</b> করলে স্নাতকোত্তর (প্রফেশনাল) অধিভুক্ত কোর্সসমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে।  |
| কোর্স পছন্দ                                       | website-এর তথ্য ছকে পছন্দ অনুযায়ী একটি কলেজ <b>Select</b> করলে আবেদনকারী সংশ্লিষ্ট কলেজে তার ভর্তি যোগ্য (Eligible) কোর্সের তালিকা দেখতে পাবে এবং এই তালিকা থেকে প্রার্থী সর্বকর্তার সংগে তার প্রার্থিত কোর্সের পছন্দ নির্ধারণ করতে হবে।   |
| কোটা  | মুক্তিযোদ্ধার সন্তান/ আদিবাসি/ প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা <b>Select</b> করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে।   |
| ছবি সংযোজন  | আবেদনপত্র পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি <b>Scan</b> করে আপলোড করতে হবে। ছবির মাপ ১২০×১৫০ pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb হতে হবে।  |
| ফরম<br>চূড়ান্তকরণ                                | সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে প্রথমে ফরমটি <b>Submit Application</b> অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4 (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে।   |
| আবেদন ফরম<br>বাতিলকরণ/ত্রুটিপূর্ণ<br>ছবি পরিবর্তন | আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে কোন শিক্ষার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে <b>Applicant's Login (Masters Prof.)</b> অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে <b>Form Cancel/Photo Change Option</b> এ গিয়ে <b>Click to Generate the OTP</b>   |

|  |  |
|--|--|
|  | অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে শিক্ষার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর সতর্কতার সাথে আবেদন ফরমে সংযোজন করতে হবে। তবে কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর তা আর বাতিল করা যাবে না। প্রার্থী ছবি পরিবর্তনের সুযোগ মাত্র একবারই পাবে।   |
| সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কলেজে ফরম জমা ও ফি প্রদান | আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমের নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সাথে প্রার্থীর স্নাতক (সম্মান)/স্নাতক (পাস)/এলএলবি পার্ট-১/ বিএড/বি এড (সম্মান)/বি এস এড পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও Online এ ভর্তির আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। প্রাথমিক আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ প্রার্থীকে ফেরত দিবে। কলেজ যে সকল প্রাথমিক আবেদন ফরম online-এ নিশ্চয়ন করবে সে সকল প্রার্থী তাদের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে তা জানতে পারবে। |

৩। মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী (সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত হতে হবে) কোটা সম্পর্কিত তথ্য ও সংরক্ষিত আসন

| কোটার প্রকৃতি        | সংশ্লিষ্ট কলেজে অধিভুক্ত একটি কোর্সে সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসন কোটার জন্য সংরক্ষিত থাকবে।<br><u>বিষয়ভিত্তিক আসন বন্টন</u> | কোটার কোর্সভিত্তিক সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসনের শর্তপূরণ সাপেক্ষে একটি কলেজে কোটার আসন সর্বমোট ২৫ (পঁচিশ) টির অধিক হবে না।<br><u>কলেজভিত্তিক আসন বন্টন</u> | কোটায় আবেদন করার শর্ত  |
|----------------------|--|---|---|
| মুক্তিযোদ্ধার সন্তান | ০৩ টি  | ১৫ টি   | সংশ্লিষ্ট কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে। |
| আদিবাসি              | ০১ টি  | ০৭ টি   |   |
| প্রতিবন্ধী           | ০১ টি  | ০৩ টি   |   |
| মোট                  | ০৫ টি  | ২৫ টি   |   |

৪। পোষ্য (Ward) কোটায় ভর্তি

স্নাতকোত্তর (প্রফেশনাল) কোর্সের ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি পোষ্য কোটায় আবেদন করতে পারবে। এ কোটায় আবেদনকারীকে পোষ্যের প্রমাণ পত্রের সাথে জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দফতর থেকেও পোষ্য হিসাবে প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে। পোষ্য কোটায় আবেদনের জন্য প্রার্থীকে ভর্তি নির্দেশিকার সকল শর্তপূরণ করতে হবে। একটি কলেজে সর্বোচ্চ ০৩ (তিন) জন আবেদনকারী মেধাভিত্তিতে পোষ্য কোটায় ভর্তি হতে পারবে এবং এ আসন অতিরিক্ত বলে বিবেচিত হবে।

৫। ফলাফল

ক) স্নাতকোত্তর (প্রফেশনাল) কোর্সসমূহে ভর্তির জন্য আবেদনকারী শিক্ষার্থীদের স্নাতক (সম্মান)/ স্নাতক (পাস)/ বিএসএড /বিএড (সম্মান)/ বিবিএ (সম্মান)/বিকম (সম্মান)/এলএলবি ১ম বর্ষ পর্যায়ে প্রাপ্ত নম্বরের শতকরা হারের ভিত্তিতে প্রতিটি প্রতিষ্ঠান/কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা তৈরী করে কোর্স বরাদ্দ দেয়া হবে।

মেধা তালিকা প্রণয়নের জন্য নম্বর বন্টন

| স্নাতক পর্যায়ে সনাতন পদ্ধতিতে নম্বর বন্টন                     | স্নাতক পর্যায়ে প্রাপ্ত জিপিএ পদ্ধতিতে নম্বর বন্টন              | সর্বমোট নম্বর |
|--|---|---------------|
| $\frac{\text{প্রাপ্ত নম্বর}}{\text{সর্বমোট নম্বর}} \times ১০০$ | $\frac{\text{প্রাপ্ত সি জি পি এ}}{\text{মোট স্কেল}} \times ১০০$ | ১০০           |

খ) একই প্রতিষ্ঠান/কলেজের দুই বা ততোধিক আবেদনকারীর মেধাস্কোর সমান হলে সেক্ষেত্রে এ সকল আবেদনকারীর জন্য তারিখের নিম্নক্রম অনুসারে মেধাক্রম নির্ধারণ করা হবে।

গ) ভর্তির ফলাফল পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, কোটা এবং রিলিজ স্লিপের মাধ্যমে প্রকাশ করা হবে।

ঘ) সংশ্লিষ্ট কলেজ **User ID, Password ও OTP** ব্যবহার করে ভর্তির কোর্সওয়ারী ফলাফল দেখতে পারবে। শিক্ষার্থীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট ([www.nu.edu.bd/admissions](http://www.nu.edu.bd/admissions) অথবা [www.admissions.nu.edu.bd](http://www.admissions.nu.edu.bd)) এবং SMS ([nu<space>atpm<space>roll no](tel:16222) টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকে ফলাফল জানতে পারবে।

৬। মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য

| ফরম পূরণের ধাপসমূহ       | করণীয়  |
|--------------------------|---|
| লগইন (Login)             | মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীকে <b>Applicant's Login (Masters Prof.)</b> অপশনে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিয়ে Login করতে হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর নাম, বরাদ্দকৃত বিষয়, সংশ্লিষ্ট কলেজের নাম ও অন্যান্য তথ্যসহ ভর্তির আবেদন ফরম <b>website</b> -এ প্রদর্শিত হবে।   |
| আবেদন ফরমের প্রিন্ট      | সঠিক তথ্যসহকারে ভর্তির আবেদন ফরমটি <b>Submit Application</b> অপশনে ক্লিক করলে একটি চূড়ান্ত ভর্তির আবেদন ফরম <b>website</b> এ দেখা যাবে। উক্ত ফরমটির দুই কপি A4 (8.5"×11") অফসেট কাগজে প্রিন্ট নিতে হবে। পরবর্তীতে রোল নম্বর ও পিন কোড দিয়ে একাধিকবার ফরমটি প্রিন্ট নেয়া যাবে।  |
| সংশ্লিষ্ট কলেজে ফরম জমা  | আবেদনকারীকে প্রিন্ট করা ভর্তি ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে আবেদনকারীর স্নাতক পর্যায়ের শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ও ভর্তি ফি সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। চূড়ান্ত ভর্তির আবেদন ফরমের একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীকে ফেরত দিবে। |
| কোটার ফলাফল              | রিলিজ স্লিপের ফরম পূরণের পূর্বে কোটার মেধা তালিকা প্রকাশ করা হবে।   |
| চূড়ান্ত ভর্তি নিশ্চায়ন | সংশ্লিষ্ট কলেজ কর্তৃক Online এ মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীর চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করা হলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে শিক্ষার্থীকে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। এছাড়াও শিক্ষার্থী Online এ লগইন করেও জানতে পারবে।  |

৭। রিলিজ স্লিপে আবেদন করার শর্তাবলী ও ফরম পূরণ সম্পর্কিত জ্ঞাতব্য

যে সকল প্রার্থী মেধা তালিকায় স্থান পাবে না, ভর্তি বাতিল করবে অথবা মেধা তালিকায় স্থান পেয়েও বরাদ্দকৃত কোর্সে ভর্তি হবে না, সে সকল প্রার্থী তিনটি কলেজে আলাদাভাবে কোর্স পছন্দ নির্ধারণ করে রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে।

| রিলিজ স্লিপের ধাপসমূহ            | করণীয়   |
|----------------------------------|--|
| লগইন (Login)                     | রিলিজ স্লিপে আবেদনের জন্য শিক্ষার্থীকে <b>Applicant's Login (Masters Prof.)</b> অপশনে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিয়ে Login করতে হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ স্লিপের আবেদন ফরম <b>website</b> এ প্রদর্শিত হবে।   |
| কলেজ ও বিষয় পছন্দক্রম নির্ধারণ  | রিলিজ স্লিপের আবেদন ফরমের <b>College option</b> এ গিয়ে আবেদনকারী তার পছন্দ অনুযায়ী প্রতিষ্ঠান/কলেজ <b>Select</b> করলে ঐ প্রতিষ্ঠান/কলেজের কোর্সভিত্তিক শূন্য আসনের তালিকা ও তার <b>Eligible</b> কোর্স দেখতে পাবে। এ পর্যায়ে আবেদনকারী তার <b>Eligible</b> কোর্সের তালিকা থেকে নতুন করে পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিবে। এভাবে একজন আবেদনকারী তার পছন্দ অনুযায়ী সর্বোচ্চ তিনটি প্রতিষ্ঠান/কলেজে কোর্স পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিতে পারবে।  |
| আবেদন ফরম চূড়ান্তকরণ            | সঠিক তথ্যসহকারে ফরম পূরণ করে <b>Submit Application</b> অপশনে ক্লিক করলে আবেদনকারী তার নাম, ভর্তির প্রাথমিক আবেদনের রোল নম্বর, পিন কোড ও কলেজের নাম ও বিষয় পছন্দক্রমসহ একটি নতুন আবেদন ফরম <b>website</b> -এ দেখতে পাবে। উক্ত ফরমটি Download করে A4 (8.5"×11") অফসেট সাদা কাগজে প্রিন্ট (Print) নিতে হবে তবে এটি সংশ্লিষ্ট কলেজসমূহে জমা দিতে হবে না।  |
| রিলিজ স্লিপের আবেদন ফরম বাতিলকরণ | রিলিজ স্লিপের আবেদন ফরম চূড়ান্ত করণের পরও যদি কোন শিক্ষার্থী তার আবেদন ফরমে কলেজ/ কোর্সের পছন্দক্রম সংশোধন বা পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে <b>Applicant's Login (Masters Prof.)</b> অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel option এ গিয়ে Click to Generate OTP অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে শিক্ষার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে শিক্ষার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর ও ই-মেইল (যদি থাকে) সর্বকর্তার সংগে আবেদন ফরমে সংযোজন করতে হবে। |
| রিলিজ স্লিপের ফলাফল              | রিলিজ স্লিপের ফলাফল নির্ধারিত সময়ে প্রকাশ করা হবে। রিলিজ স্লিপে আবেদনকারী শিক্ষার্থীদের কোর্স পরিবর্তনের কোন সুযোগ থাকবে না।  |
| ভর্তি ফরম সংগ্রহ ও ভর্তি         | শিক্ষার্থী রিলিজ স্লিপের মাধ্যমে তার নির্বাচিত কলেজে বিষয় বরাদ্দ পেলে <b>website</b> -এর <b>Applicant's Login (Masters Prof.)</b> অপশনে গিয়ে ভর্তির আবেদন ফরম প্রিন্ট করবে। এই আবেদন ফরমের সংগে শিক্ষার্থীর স্নাতক (সম্মান)/ স্নাতক (পাস)/বিএসএড/বিএড/বিএড (সম্মান)/এলএলবি ১ম পর্ব পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও ভর্তি ফি সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। রিলিজ স্লিপে ভর্তির আবেদন ফরমের একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ কলেজ  |

|  |                                   |
|--|-----------------------------------|
|  | কর্তৃপক্ষ শিক্ষার্থীকে ফেরত দিবে। |
|--|-----------------------------------|

৮। কলেজ কর্তৃপক্ষের করণীয় বিষয়সমূহ

|   |  |
|---|--|
| সংশ্লিষ্ট কলেজের User ID, Password ও One Time Password (OTP) সংগ্রহ                             | জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বরাদ্দকৃত User ID ও Password দিয়ে সংশ্লিষ্ট কলেজ তাদের ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য Login করবে। প্রাথমিক আবেদন ফরম ও ভর্তি নিশ্চয়নের সময় Click to Generate OTP অপশনে গিয়ে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে SMS ও email এর মাধ্যমে/কলেজ ই-মেইল এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP ব্যবহার করে শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন করা যাবে। এ লক্ষ্যে কলেজ কর্তৃপক্ষকে ভর্তির কার্যক্রমের সংগে সংশ্লিষ্ট দুই জন দায়িত্বশীল শিক্ষকের মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর ভর্তি প্রক্রিয়া শুরু করার পূর্বে প্রেরণ করতে হবে। |
| প্রাথমিক আবেদন ফরমে সঠিক তথ্য ও ছবি যাচাই   | কলেজ কর্তৃপক্ষকে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়নের পূর্বে আবেদন ফরমে প্রদর্শিত প্রার্থীর সকল তথ্য ও ছবি যাচাই করে নিতে হবে। কোন প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর তথ্য বা ছবির অসংগতি পাওয়া গেলে কলেজ কর্তৃক আবেদন ফরমটি নিশ্চয়ন না করে প্রার্থীকে অনলাইনে আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন করার পরামর্শ দিতে হবে। উল্লেখ্য যে, প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/ ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।  |
| ভর্তির প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ  | সংশ্লিষ্ট কলেজ শিক্ষার্থীর কাছ থেকে ভর্তির প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ করবে এবং নির্ধারিত ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা জমা রেখে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করবে। কলেজ কর্তৃক কোন প্রার্থীর প্রাথমিক আবেদন ফরম চূড়ান্ত করা না হলে ঐ প্রার্থীর মেধা তালিকা প্রণয়ন করা হবে না।   |
| প্রাথমিক ও চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে এন্ট্রি  | নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজকে সকল আবেদনকারীর প্রাথমিক ও চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে এন্ট্রি নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login অপশনে গিয়ে Applicant's/Admission Approval (Masters Prof.) মাধ্যমে এন্ট্রি নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কোন প্রাথমিক/চূড়ান্ত আবেদন ফরম নিশ্চয়ন করা না হলে সেই শিক্ষার্থীকে ভর্তিযোগ্য বলে বিবেচিত হবে না। প্রতিটি কলেজ এন্ট্রিকৃত আবেদনকারীদের তালিকা website-এ দেখতে পারবে।   |
| ভর্তির প্রাথমিক আবেদন ফি'র নির্ধারিত অংশ "সোনালী সেবা" এর মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ | সংশ্লিষ্ট কলেজ শিক্ষার্থীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [প্রতি শিক্ষার্থী থেকে প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ Login এর মাধ্যমে Application Payment Info (Masters Prof.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। ভর্তির প্রাথমিক আবেদন (ভর্তি ফান্ড) ফি'তে সঞ্চয়ী হিসাব নম্বর- ১০০০৩২৪৫৯ উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে।  |

৯। ভর্তির বিষয়ে কলেজের করণীয়:

| ধাপসমূহ   | করণীয়   |
|---|--|
| চূড়ান্তভাবে ভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্য যাচাই                              | সংশ্লিষ্ট কলেজকে চূড়ান্তভাবে ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত শিক্ষাগত যোগ্যতার সকল তথ্যাদি (পরীক্ষার রোল, বিশ্ববিদ্যালয়ের নাম, প্রাপ্ত নম্বর ও জন্ম তারিখ) শিক্ষার্থীর দাখিলকৃত নম্বরপত্রের সংগে মিলিয়ে দেখতে হবে। কোন শিক্ষার্থীর তথ্যগত অসংগতি বা ত্রুটিপূর্ণ ছবি পরিলক্ষিত হলে ভর্তি নিশ্চয়ন না করে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে অবিলম্বে বিষয়টি ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর লিখিতভাবে অথবা ই-মেইল এর মাধ্যমে জানাতে হবে।                              |
| শিক্ষার্থীদের অনলাইনে এন্ট্রি নিশ্চিতকরণ                                    | সংশ্লিষ্ট কলেজকে মেধা তালিকা, বিষয় পরিবর্তন, রিজিষ্ট্রেশন ও কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের স্ব স্ব কোর্সে ভর্তি নিশ্চয়নের লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে এন্ট্রি সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কোন শিক্ষার্থীর এন্ট্রি website-এ নিশ্চিত করা না হলে উক্ত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।   |
| ভর্তি ফি'র নির্ধারিত অংশ সোনালী সেবার মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ | সংশ্লিষ্ট কলেজ শিক্ষার্থীদের ভর্তি ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [ ১০ নং অনুচ্ছেদ অনুযায়ী] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ Login এর মাধ্যমে Admission Payment Info (Degree pass) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- ১০০০০১৩৪ উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে। |

১০। চূড়ান্ত ভর্তির জন্য কোর্সওয়ারী ফিসের হার

| ধাপসমূহ  | করণীয়   |                                     |                                |  |                   |                                   |                   |                                      |                  |   |  |
|--|--|-------------------------------------|--------------------------------|--|-------------------|-----------------------------------|-------------------|--------------------------------------|------------------|---|--|
| চূড়ান্তভাবে ভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্য যাচাই   | সংশ্লিষ্ট কলেজকে চূড়ান্তভাবে ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত শিক্ষাগত যোগ্যতার সকল তথ্যাদি (পরীক্ষার রোল, বিশ্ববিদ্যালয়ের নাম, প্রাপ্ত নম্বর ও জন্ম তারিখ) শিক্ষার্থীর দাখিলকৃত নম্বরপত্রের সংগে মিলিয়ে দেখতে হবে। কোন শিক্ষার্থীর তথ্যগত অসংগতি বা ত্রুটিপূর্ণ ছবি পরিলক্ষিত হলে ভর্তি নিশ্চয়ন না করে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে অবিলম্বে বিষয়টি ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর লিখিতভাবে অথবা ই-মেইল এর মাধ্যমে জানাতে হবে।  |                                     |                                |  |                   |                                   |                   |                                      |                  |   |  |
| শিক্ষার্থীদের অনলাইনে এন্ট্রি নিশ্চিতকরণ   | সংশ্লিষ্ট কলেজকে মেধা তালিকা, রিলিজ স্লিপে ও কোটায় ভর্তিকৃত শিক্ষার্থীদের স্ব স্ব বিষয়ে ভর্তি নিশ্চয়নের লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে এন্ট্রি সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কোন শিক্ষার্থীর এন্ট্রি website-এ নিশ্চিত করা না হলে উক্ত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।   |                                     |                                |  |                   |                                   |                   |                                      |                  |   |  |
| ভর্তি ফি'র নির্ধারিত অংশ সোনালী সেবার মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ  | সংশ্লিষ্ট কলেজ শিক্ষার্থীদের ভর্তি ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [ প্রতি শিক্ষার্থী থেকে ১০ নং অনুচ্ছেদে কোর্সভিত্তিক বর্ণিত হারে টাকা] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ Login এর মাধ্যমে Admission Payment Info (Masters Prof.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ সংশ্লিষ্ট শিক্ষাবর্ষে মাস্টার্স/স্পেশাল এডুকেশন (প্রফেশনাল) “রেজিস্ট্রেশন ফি” খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- ১০০০০০১৩৪ উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে। |                                     |                                |  |                   |                                   |                   |                                      |                  |   |  |
| ব্যাচেলর অব এডুকেশন / মাস্টার অব এডুকেশন/ এল এল বি [শেষ বর্ষ]  | <table border="0"> <tr> <td>i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি</td> <td>= ১২০০/- (এক হাজার দুইশত) টাকা</td> </tr> <tr> <td>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি</td> <td>= ২০/- (বিশ) টাকা</td> </tr> <tr> <td>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি</td> <td>= ৫/- (পাঁচ) টাকা</td> </tr> <tr> <td>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি</td> <td>= ১০/- (দশ) টাকা</td> </tr> <tr> <td colspan="2">মোট ১,২৩৫/- (এক হাজার দুইশত পঁয়ত্রিশ) টাকা</td> </tr> </table>  | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি | = ১২০০/- (এক হাজার দুইশত) টাকা | ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি | = ২০/- (বিশ) টাকা | iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি | = ৫/- (পাঁচ) টাকা | iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ১০/- (দশ) টাকা | মোট ১,২৩৫/- (এক হাজার দুইশত পঁয়ত্রিশ) টাকা |  |
| i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি  | = ১২০০/- (এক হাজার দুইশত) টাকা   |                                     |                                |  |                   |                                   |                   |                                      |                  |   |  |
| ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি   | = ২০/- (বিশ) টাকা  |                                     |                                |  |                   |                                   |                   |                                      |                  |   |  |
| iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি  | = ৫/- (পাঁচ) টাকা  |                                     |                                |  |                   |                                   |                   |                                      |                  |   |  |
| iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি   | = ১০/- (দশ) টাকা   |                                     |                                |  |                   |                                   |                   |                                      |                  |   |  |
| মোট ১,২৩৫/- (এক হাজার দুইশত পঁয়ত্রিশ) টাকা  |  |                                     |                                |  |                   |                                   |                   |                                      |                  |   |  |
| ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন /ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন /মাস্টার অব স্পেশাল এডুকেশন /ব্যাচেলর অব মাদ্রাসা এডুকেশন | <table border="0"> <tr> <td>i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি</td> <td>= ১০০০/ (এক হাজার) টাকা</td> </tr> <tr> <td>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি</td> <td>= ২০/- (বিশ) টাকা</td> </tr> <tr> <td>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি</td> <td>= ৫/- (পাঁচ) টাকা</td> </tr> <tr> <td>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি</td> <td>= ১০/- (দশ) টাকা</td> </tr> <tr> <td colspan="2">মোট ১,০৩৫/- (এক হাজার পঁয়ত্রিশ) টাকা</td> </tr> </table>   | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি | = ১০০০/ (এক হাজার) টাকা        | ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি | = ২০/- (বিশ) টাকা | iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি | = ৫/- (পাঁচ) টাকা | iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ১০/- (দশ) টাকা | মোট ১,০৩৫/- (এক হাজার পঁয়ত্রিশ) টাকা       |  |
| i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি  | = ১০০০/ (এক হাজার) টাকা  |                                     |                                |  |                   |                                   |                   |                                      |                  |   |  |
| ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি   | = ২০/- (বিশ) টাকা  |                                     |                                |  |                   |                                   |                   |                                      |                  |   |  |
| iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি  | = ৫/- (পাঁচ) টাকা  |                                     |                                |  |                   |                                   |                   |                                      |                  |   |  |
| iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি   | = ১০/- (দশ) টাকা   |                                     |                                |  |                   |                                   |                   |                                      |                  |   |  |
| মোট ১,০৩৫/- (এক হাজার পঁয়ত্রিশ) টাকা  |  |                                     |                                |  |                   |                                   |                   |                                      |                  |   |  |
| শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিল ফি = ৭০০/- (সাতশত) টাকা   |  |                                     |                                |  |                   |                                   |                   |                                      |                  |   |  |

(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)  
 ডীন (ভারপ্রাপ্ত)  
 স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র  
 সদস্য সচিব, স্নাতকোত্তর ও প্রফেশনাল কোর্সসমূহ  
 ভর্তি পরিচালনা কমিটি  
 জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪  
 ফোন : ৯২৯১০৭৪, কল সেন্টার: ০৯৬১৪-০১৬৪২৯  
 ই-মেইল- pgdeanoffice@gmail.com